

কমিটির দায়িত্ব ও কর্তব্য

- ১। বিদ্যালয় এলাকায় জরিপ কাজ পরিচালনায় সহায়তা করা। বিদ্যালয় গমনোপযোগী শিশুদের বিদ্যালয়ে আনা ও ঝরে পড়া রোধে সার্বিক প্রচেষ্টা চালানো।
- ২। শিক্ষক-অভিভাবকদের মাঝে সুসম্পর্ক গড়ে তোলা।
- ৩। বিদ্যালয়ের উন্নয়নের জন্য কল্যাণ সমিতি গঠন ও সম্পদ সংগ্রহ করা।
- ৪। স্কুল পরিবেশকে মনোমুগ্ধকর ও আকর্ষণীয় করে তোলার জন্য শিক্ষক ও ম্যানেজিং কমিটির সাথে সহযোগিতা করা যাতে শিশুরা নিরাপদ সুস্থ ও আনন্দঘন পরিবেশে শিক্ষা লাভের সুযোগ পায়।
- ৫। অভিভাবকগণ নিজেদের সন্তানদের লেখাপড়ার প্রতি যেমন যত্নবান হবেন পাড়া প্রতিবেশীদের সন্তানাদির লেখাপড়ার প্রতি যাতে সমান গুরুত্ব সহকারে সহযোগিতা করতে পারে সে বিষয়ে তাদের উৎসাহিত করা।
- ৬। প্রয়োজন বোধে বিদ্যালয় গৃহ মেরামত করা, বিদ্যালয়ের অঙ্গন পরিষ্কার রাখা এবং বিদ্যালয়ের সম্পত্তি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা।
- ৭। শিশুদের মধ্যে মানবিক, ধর্মীয় ও সামাজিক সচেতনতা বোধ আনয়নের জন্য চেষ্টা করা।
- ৮। বিদ্যালয়ের বিভিন্ন ধরনের সহ-পাঠ ক্রমিক কাজে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সাহায্য প্রদান করা এবং সক্রিয় ভূমিকা গ্রহণ করা।
- ৯। প্রাথমিক বিদ্যালয়কে এলাকার সকল পেশাজীবী মানুষ এবং স্থানীয় এলাকাবাসীদের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী কেন্দ্র হিসেবে গড়ে তোলা।
- ১০। বিদ্যালয় ত্যাগের কারন অনুসন্ধান করে বিদ্যালয় ত্যাগ রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- ১১। উন্নত ধরনের হাঁস-মুরগী পালন, শাক-সবজি চাষ, এবং ফলমূল উৎপাদন ও সমবায় কর্মকান্ডের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের পিতামাতার জীবিকার উন্নতি সাধনে সাহায্য করা।
- ১২। বিভিন্ন ধরনের কার্যক্রমের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যে সঞ্চয়ের অভ্যাস ও সমব্যয়ী মনোভাব গড়ে তোলা।
- ১৩। শিক্ষক ও সহকারি উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সরকারি নির্দেশ অনুযায়ী হোম ভিজিট কর্মকান্ডে সহায়তা প্রদান করা।
- ১৪। ক্লাস্টার ট্রেনিং আয়োজনে সহকারি উপজেলা শিক্ষা অফিসারকে সহায়তা করা।
- ১৫। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য সহায়ক তথ্য শীর্ষক পুস্তিকায় উল্লেখিত মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ, উঠান বৈঠক (শিক্ষক-অভিভাবক সমিতির সাব-কমিটি কর্তৃক) গৃহ পরিদর্শন প্রভৃতি দায়িত্ব পালন করা।
- ১৬। গৃহে অভিভাবকগণ যাতে শিশুদের লেখাপড়ার পরিবেশ সৃষ্টি করতে পারেন সে বিষয়ে তাদের উৎসাহিত করা।
- ১৭। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা, জবাবদিহিতা ও সামাজিক মালিকানার ধারণা প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করা।

ছাদেই আহম্মদ

মেম্বার, ঝোয়াখালী

০১৭২৭-২০২০৬০

কমিটির মেয়াদ

নির্বাহী কমিটি ৩ বছরের জন্য নির্বাচিত হবে। দায়িত্ব গ্রহণের তারিখ থেকে তিন বছর পর্যন্ত কমিটি দায়িত্ব পালন করবে। নির্বাচিত কমিটির মেয়াদ শেষ হওয়ার ৩০ দিন পূর্বে নতুন কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে পুরাতন/বিদ্যমান কমিটির মেয়াদ শেষ হওয়ার সাত দিনের মধ্যে নতুন কমিটি দায়িত্ব গ্রহণ করবে।